



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
সেগুন বাগিচা, ঢাকা।



ভ্যাট আইন অনুযায়ী গ্রাহকের প্রদত্ত ভ্যাট দোকান মালিকগণ সংগ্রহ করে নির্দিষ্ট সময় পর সরকারী কোষাগারে জমা দেন। গ্রাহকের প্রদত্ত ভ্যাট সঠিকভাবে ও যথাসময়ে সরকারী কোষাগারে জমা প্রদান নিশ্চিত করা প্রয়োজন।

এ উদ্দেশ্যে কর আহরণে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য পণ্য/সেবার বিক্রয় তথ্য ও করের পরিমাণ সংরক্ষণে স্বয়ংক্রিয় পদ্ধতি বা EFDMS (Electronic Fiscal Device Management System) প্রচলন করা হয়েছে। EFD (Electronic Fiscal Device) বা SDC (Sales Data Controller) মেশিন, এ স্বয়ংক্রিয় পদ্ধতির অংশ। এসব মেশিন, হতে ইস্যুকৃত চালানের ভিত্তিতে লটারির মাধ্যমে ক্রেতাকে আর্থিক পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। তাই পণ্য বা সেবা ক্রয়ের পর EFD/SDC মেশিন হতে ইস্যুকৃত চালানটি বুঝে নিয়ে যত্নের সাথে সংরক্ষণ করুন।

প্রতি মাসে অনুষ্ঠিত লটারির ড্র তে আপনার চালানটি কুপন হিসাবে বিবেচিত হবে। সৌভাগ্যবান ক্রেতা হিসেবে আপনিও পেতে পারেন লক্ষ টাকার পুরস্কার।



মুজিববর্ষের অতীন্দ্র  
EFD তে NBR  
জিতে নিন  
১০১ টি  
পুরস্কার

### পুরস্কার সমূহের সংখ্যা ও মূল্যমান

ক্রম নং	ক্যাটাগরী	প্রতিটির মূল্যমান (টাকা)	সংখ্যা	মোট মূল্যমান (টাকা)
১	প্রথম	১,০০,০০০	১	১,০০,০০০
২	দ্বিতীয়	৫০,০০০	১	৫০,০০০
৩	তৃতীয়	২৫,০০০	৫	১,২৫,০০০
৪	চতুর্থ	১০,০০০	৯৪	৯,৪০,০০০
	মোট		১০১টি	১২,১৫,০০০

## লটারির পুরস্কারের বিষয়ে তথ্য

- বর্তমানে ঢাকা ও চট্টগ্রামে ১,০০০ (এক হাজার) এর অধিক ব্যবসা প্রতিষ্ঠানে EFD/SDC মেশিন বসানো হয়েছে। এটি একটি চলমান প্রক্রিয়া। পর্যায়ক্রমে সারা দেশে EFD/SDC মেশিন বসানো হবে।
- যে সব ব্যবসা প্রতিষ্ঠানে মেশিন বসানো হয়েছে তার তালিকা জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে ([www.nbr.gov.bd](http://www.nbr.gov.bd)) পাওয়া যাবে।
- যেসব দোকান/প্রতিষ্ঠানে EFD/SDC আছে সেখানে কাউন্টারে মেশিন ব্যবহার বিষয়ক স্টীকার থাকবে।
- প্রতি ইংরেজি পঞ্জিকা মাসের ৫ তারিখ বা ৫ তারিখ সরকারি ছুটি থাকলে পরবর্তী কার্যদিবসে লটারির ড্র অনুষ্ঠিত হবে।
- EFD/SDC মেশিন বা EFDMS সিস্টেম হতে ইস্যুকৃত ইউনিক নম্বর সম্বলিত চালানপত্র (মুসক-৬.৩) হলো লটারির কুপন। যে মাসে লটারির ড্র অনুষ্ঠিত হবে তার পূর্ববর্তী মাসের প্রথম দিবস হতে শেষ দিবস পর্যন্ত ইস্যুকৃত মুসক চালানসমূহ লটারির জন্য বিবেচিত হবে। একবার লটারির জন্য ব্যবহৃত হয়েছে এমন চালান পরবর্তী কোন লটারির জন্য বিবেচিত হবে না। অর্থাৎ জানুয়ারি মাসে ড্র অনুষ্ঠিত হলে ডিসেম্বর মাসের ০১ তারিখ হতে ৩১ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত ইস্যুকৃত চালানসমূহ লটারির জন্য বিবেচিত হবে।
- জাতীয় রাজস্ব বোর্ড বা বোর্ড কর্তৃক নির্ধারিত স্থানে লটারির ড্র অনুষ্ঠিত হবে।
- লটারির ড্র অনুষ্ঠিত হওয়ার পর জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে ([www.nbr.gov.bd](http://www.nbr.gov.bd)) এবং ০৩ (তিন) দিনের মধ্যে দৈনিক পত্রিকায় ফলাফল প্রকাশ করা হবে।
- লটারিতে পুরস্কার বিজয়ী তাঁর নিকটস্থ যে কোন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটে নির্ধারিত ছকে আবেদন করতে পারবেন। জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে ([www.nbr.gov.bd](http://www.nbr.gov.bd)) নির্ধারিত ছকটি পাওয়া যাবে।
- যে মাসে লটারির ড্র-এর পর পুরস্কারের ঘোষণা হবে সে মাসের শেষ কার্যদিবসের মধ্যে পুরস্কারের জন্য আবেদন করতে হবে। (অর্থাৎ ফেব্রুয়ারি মাসে ড্র অনুষ্ঠিত হলে শেষ কার্যদিবস যদি ২৮ ফেব্রুয়ারি হয় তবে ২৮ ফেব্রুয়ারির মধ্যে পুরস্কারের জন্য আবেদন করতে হবে)। উক্ত তারিখের পরে দাখিলকৃত আবেদন পুরস্কারের জন্য বিবেচনা করা যাবে না।
- আবেদনের ছকে আবেদনকারীর নাম, ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয় পরিচয়পত্র নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে), চালান নম্বর ও চালানটি ইস্যুর তারিখ এবং আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ উল্লেখ করতে হবে।
- পুরস্কারের জন্য আবেদনের সাথে EFD/SDC মেশিন হতে ইস্যুকৃত মূল চালানটি সংযুক্ত করতে হবে।
- লটারির মাধ্যমে মোট ১০১ টি পুরস্কার প্রদান করা হবে।
- চেকের মাধ্যমে পুরস্কারের অর্থ প্রদান করা হবে। এ ক্ষেত্রে কোন ভ্যাট বা অগ্রিম আয়কর কর্তন করা হবে না।
- পুরস্কার গ্রহণের ক্ষেত্রে যেকোন তথ্য বা সহযোগিতার জন্য মোবাইল নং +৮৮০৯৬৪৩২২৩২ এ যোগাযোগ করা যাবে।